অতীব জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বাজেট শাখা
www.shed.gov.bd

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৪.০১.০১১.১৭-৭৯

তারিখ: ০৯ ফাল্গুন ১৪২৭ বঙ্গাব্দ / ২২ ফেব্রুয়ারি ২০২১ খ্রিষ্টাব্দ

বিষয়: **২০২০-২০২১ অর্থবছরে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের পরিচালন বাজেটে "৪১১২৩০৬-গবেষণাগার সরঞ্জামাদি" খাতে অর্থ বরাদ্দ।**

সূত্র: এ বিভাগের বাজেট শাখার স্মারক নং:৩৭.০০.০০০০.০৬৪.০১.০১১.১৭.২২৭; তারিখ: ২১ অক্টোবর ২০২০ খ্রিস্টাব্দ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে চলতি ২০২০-২০২১ অর্থবছরে মাধ্যমিক ও উচ্চ বিভাগের পরিচালন বাজেটে **"৪১১২৩০৬-গবেষণাগার সরঞ্জামাদি"** খাতে বরাদ্দ অর্থ প্রদানের লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠানের নাম জেলা কমিটির মাধ্যমে বাছাইপূর্বক সুপারিশসহ ৩০ নভেম্বর ২০২০ তারিখের মধ্যে সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় বরাবরে প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়েছিল। কিন্তু অদ্যাবধি আপনার জেলা হতে তালিকা পাওয়া যায়নি।

বর্ণিত অবস্থায়, জেলা গ্রেড অনুযায়ী 'এ' শ্রেণির জেলাগুলোকে ৬টি, 'বি' শ্রেণির জেলাগুলোকে ৫টি এবং 'সি' শ্রেণির জেলাগুলোকে ৪টি করে শিক্ষা প্রতিষ্ঠানের নাম জেলা কমিটির মাধ্যমে বাছাইপূর্বক সুপারিশসহ ১১ মার্চ ২০২১ তারিখের মধ্যে সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় বরাবরে (e-mail: moebudgetsection@gmail.com) প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: 'বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান ল্যাবরেটরি যন্ত্রপাতি/সামগ্রী বিতরণের জন্য প্রতিষ্ঠান নির্বাচন নীতিমালা (সংশোধিত-২০১৮)'।

22/2/2020

(মোঃ ফজলুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
☏ ৯৫১২২০৫
E-mail:moebudgetsection@gmail.com

জেলা প্রশাসক,
ঢাকা/গাজীপুর/চট্টগ্রাম/কক্সবাজার/কুমিল্লা/পাবনা/বগুড়া/কুড়িগ্রাম/খুলনা/সুনামগঞ্জ/
নারায়ণগঞ্জ/গোপালগঞ্জ/শেরপুর/ফেনী/নাটোর/জয়পুরহাট/নীলফামারী/লালমনিরহাট/সাতক্ষীরা/
ঝিনাইদহ/মৌলভীবাজার/
মাগুরা/ঝালকাঠী।

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৪.০১.০১১.১৭-৭৮

তারিখ: ০৯ ফাল্গুন ১৪২৭ বঙ্গাব্দ / ২২ ফেব্রুয়ারি ২০২১ খ্রিষ্টাব্দ

**অনুলিপি:** সদয় **অবগতির** জন্য

১। উপসচিব (বাজেট অধিশাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

২। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়।

৩। উপসচিব (বাজেট অধিশাখা), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

৫। উপমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়।

৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট (আইসিটি অধিশাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

৭। জেলা শিক্ষা অফিসার, ..............................................।

৮। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

22/2/2020

(মোঃ ফজলুর রহমান)
সিনিয়র সহকারী সচিব

E:\Mithu\Budget\Forwarding-36.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বাজেট শাখা

**"বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ল্যাবরেটরি যন্ত্রপাতি/সামগ্রী বিতরণের জন্য প্রতিষ্ঠান নির্বাচন নীতিমালা (সংশোধিত-২০১৮)"**

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ল্যাবরেটরি যন্ত্রপাতি/সামগ্রী বিতরণের জন্য সরকার আর্থিক মঞ্জুরি প্রদান করে। বরাদ্দকৃত অর্থের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যে উপযুক্ত শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচনের উদ্দেশ্যে নিম্নেবর্ণিত নীতিমালা প্রণয়ন করা হলো।

২। **শিরোনাম:** এ নীতিমালা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের পরিচালন বাজেটের আওতায় "বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ল্যাবরেটরি যন্ত্রপাতি/সামগ্রী বিতরণের জন্য প্রতিষ্ঠান নির্বাচন নীতিমালা (সংশোধিত-২০১৮)" নামে অভিহিত হবে।

৩। **শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচন কমিটি:**

ক) প্রতিটি উপজেলায় সংশ্লিষ্ট অর্থবছরের জন্য বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচন নিম্নোক্ত কমিটির মাধ্যমে সম্পাদিত হবে (ঢাকা, রাজশাহী, চট্টগ্রাম, খুলনা, বরিশাল, সিলেট, রংপুর ও ময়মনসিংহ মহানগর এলাকা ব্যতীত):

| | | | |
|---|---|---|---|
| ১. | উপজেলা নির্বাহী অফিসার | - | সভাপতি |
| ২. | সহকারী কমিশনার (ভূমি) | - | সদস্য |
| ৩. | উপজেলা সদরের একজন বেসরকারি কলেজের অধ্যক্ষ (উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত) | - | সদস্য |
| ৪. | উপজেলা সদরের একজন বেসরকারি স্কুলের প্রধান শিক্ষক (উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত) | - | সদস্য |
| ৫. | উপজেলা সদরের একজন বেসরকারি স্কুলের প্রধান শিক্ষিকা (উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত) | - | সদস্য |
| ৬. | সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের মাননীয় মেয়রের প্রতিনিধি | - | সদস্য |
| ৭. | উপজেলা সহকারী প্রোগ্রামার (UIRTCE) | - | সদস্য |
| ৮. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | - | সদস্য সচিব |

কমিটির কর্মপরিধি: ৫ নং অনুচ্ছেদের নির্দেশনা অনুসরণপূর্বক উপযুক্ত শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচন করে সংশ্লিষ্ট জেলা প্রশাসক বরাবরে তালিকা প্রেরণ করবেন।

খ) ঢাকা, রাজশাহী, চট্টগ্রাম, খুলনা, বরিশাল, সিলেট, রংপুর ও ময়মনসিংহ মহানগর এলাকার শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচন নিম্নোক্ত কমিটির মাধ্যমে সম্পাদিত হবে:

| | | | |
|---|---|---|---|
| ১. | অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) | - | সভাপতি |
| ২. | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) | - | সদস্য |
| ৩. | জেলা শিক্ষা অফিসার | - | সদস্য |
| ৪. | একজন বেসরকারি কলেজের অধ্যক্ষ (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) | - | সদস্য |
| ৫. | একজন বেসরকারি স্কুলের প্রধান শিক্ষক (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) | - | সদস্য |
| ৬. | একজন বেসরকারি স্কুলের প্রধান শিক্ষিকা (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) | - | সদস্য |
| ৭. | সিটি কর্পোরেশনের মাননীয় মেয়রের প্রতিনিধি | - | সদস্য |
| ৮. | আঞ্চলিক পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর | - | সদস্য সচিব |

কমিটির কর্মপরিধি: ৫ নং অনুচ্ছেদের নির্দেশনা অনুসরণপূর্বক উপযুক্ত শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচন করে সংশ্লিষ্ট জেলা প্রশাসক বরাবরে তালিকা প্রেরণ করবেন।

গ) জেলা প্রশাসক কর্তৃক প্রতিষ্ঠান নির্ধারণের জন্য নিম্নরূপ কমিটি গঠন করা হলো:

| | | | |
|---|---|---|---|
| ১. | জেলা প্রশাসক | - | সভাপতি |
| ২. | প্রধান নির্বাহী কর্মকর্তা অথবা সচিব, জেলা পরিষদ | - | সদস্য |
| ৩. | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) | - | সদস্য |
| ৪. | স্থানীয় সরকারি কলেজের অধ্যক্ষ (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) | - | সদস্য |
| ৫. | জেলা শিক্ষা অফিসার | - | সদস্য সচিব |

কমিটির কর্মপরিধি: উপজেলা এবং মহানগর কমিটি হতে প্রাপ্ত তালিকা যাচাই-বাছাই করে জেলার গ্রেড অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচন করে তালিকা সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় বরাবরে প্রেরণ করবেন।

ঘ) স্থানীয় মাননীয় সংসদ সদস্য/সংসদ সদস্যগণ কমিটির উপদেষ্টা থাকবেন। মাননীয় সংসদ সদস্যগণের পরামর্শক্রমে কমিটি প্রতিষ্ঠান নির্বাচন করবে:

৪। **শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচন:**

১) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক এ.বি.সি. গ্রেডের জেলার তথ্য বিবেচনান্তে "এ" গ্রেডের জন্য ৬টি, "বি" গ্রেডের জন্য ৫টি ও "সি" গ্রেডের জন্য ৪টি হিসেবে জেলাওয়ারী প্রতিষ্ঠানের সংখ্যা নির্ধারণ অন্তে প্রয়োজনে অর্থ মন্ত্রণালয়ের সম্মতিগ্রহণপূর্বক জেলা প্রশাসকগণের নিকট প্রতিষ্ঠানের নামের তালিকা চাওয়া হবে;

২) ৬৪টি জেলায় গ্রেডওয়ারী উপরোক্তভাবে নির্ধারিত বিভাজন অন্তে সকল জেলা প্রশাসকের অনুকূলে বরাদ্দ প্রদান করা হবে।

৫। **শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচনের ক্ষেত্রে নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণ করতে হবে:**

১) যে সকল প্রতিষ্ঠান গত ৩ (তিন) বছরে কোন সরকারি সাহায্য পায়নি তাঁদেরকে অগ্রাধিকার দিতে হবে;

২) বিগত তিন বছর যে সমস্ত প্রতিষ্ঠান ল্যাবরেটরি যন্ত্রপাতি/সামগ্রী বাবদ সাহায্য পেয়েছে সে সমস্ত প্রতিষ্ঠানে উক্ত সাহায্য দেয়া যাবে না;

৩) প্রত্যন্ত গ্রামীণ অস্বচ্ছল শিক্ষা প্রতিষ্ঠানকে ল্যাবরেটরি যন্ত্রপাতি/সামগ্রী প্রদানের ক্ষেত্রে প্রাধান্য দিতে হবে;

৪) প্রতিটি অঞ্চলে সুষম বন্টন নীতিতে শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচন করতে হবে;

৫) ছাত্র-ছাত্রীর সংখ্যা, প্রতিষ্ঠানের প্রকৃত চাহিদা ও বিগত ৩ বছরের পাবলিক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচন করতে হবে;

৬) জরুরী প্রয়োজনে বা যুক্তিসঙ্গত কারন ছাড়া নগর বা মেট্রোপলিটন এলাকার শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচন নিরুৎসাহিত করতে হবে।

৬। **ল্যাবরেটরি যন্ত্রপাতি/সামগ্রী সংগ্রহ:**

১) বরাদ্দ প্রাপ্তির পর যাবতীয় আর্থিক বিধিবিধান ও নিয়মাচার যথাযথভাবে প্রতিপালনপূর্বক নিম্নোক্ত কমিটির মাধ্যমে ল্যাবরেটরি যন্ত্রপাতি/সামগ্রী ক্রয় করতে হবে:

| | | | |
|---|---|---|---|
| (ক) | উপজেলা নির্বাহী অফিসার | - | সভাপতি |
| (খ) | সহকারী কমিশনার (ভূমি) | - | সদস্য |

| | | | |
|---|---|---|---|
| (গ) | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | - | সদস্য |
| (ঘ) | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | - | সদস্য |
| (ঙ) | উপজেলা সহকারী প্রোগ্রামার (UIRTCE) | - | সদস্য |
| (চ) | সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান | - | সদস্য সচিব |

২) ল্যাবরেটরি যন্ত্রপাতি/সামগ্রী ক্রয়ের পর সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান প্রতিষ্ঠানের রেজিস্টারে তা লিপিবদ্ধ করবেন এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের পরিদর্শনের সময় তা প্রদর্শন করবেন;

৩) ল্যাবরেটরি যন্ত্রপাতি/সামগ্রী ক্রয়ের বিষয়টি যাচাই করার জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের কর্মকর্তাগণসহ জেলা ও বিভাগীয় পর্যায়ের প্রশাসনিক/শিক্ষা কর্মকর্তাগণ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানগুলো পরিদর্শন ও মনিটরিং করবেন এবং এ বিষয়ে কোন অভিযোগ পাওয়া গেলে বিভাগ/মন্ত্রণালয়কে অবহিত করবেন।

৭। শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচন ও অর্থ বরাদ্দ সংক্রান্ত অনুচ্ছেদ ৩, ৪ ও ৫ এর নির্দেশনা সত্ত্বেও প্রয়োজনবোধে এ কর্মসূচির আওতায় শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচন ও তাদের অনুকূলে প্রয়োজনীয় অর্থ বরাদ্দের ক্ষমতা এ বিভাগের থাকবে এবং প্রয়োজন অনুসারে এতদসংক্রান্ত বিষয়ে সময়ে সময়ে জারিকৃত বিভাগের নির্দেশনাবলী এ নীতিমালার উপর প্রাধান্য পাবে।

স্বাক্ষরিত
২৮/১১/২০১৮
(মো: সোহরাব হোসাইন)
সচিব

৩৭.০০.০০০০.০৬৪.২০.০০৫.১৭-২৮১/১(৭)

তারিখ: ২৫ পৌষ ১৪২৫ বঙ্গাব্দ
০৮ জানুয়ারী ২০১৯ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো :

১। অতিরিক্ত সচিব (অর্থ ও প্রশাসন/মাধ্যমিক-১/২, কলেজ/বিশ্ববিদ্যালয়/আইন/উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৩। যুগ্ম-সচিব (নিরীক্ষা),মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৫। যুগ্ম-প্রধান (পরিকল্পনা)মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। জেলা প্রশাসক ............................................ (সকল)।
৭। উপসচিব (প্রশাসন)মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৯। সিনিয়র সহকারী সচিব (সেবা),মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৮/১/১৯
(মো: ফজলুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫১২২০৫
ই-মেইল: moebedgetsection@gmail.com